Total number of printed pages: 6 (six) **DCBL-2021-102**

# 2021

Diploma Course in Bengali Language (DCBL)

## First Semester : 2nd paper

General Bengali Grammar

Full Marks: 80 Time: 3 hours

# ২০২১

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি যথাস্থানে বসান : - ১ x ৫ = ৫

ক) বাংলা ভাষাচিন্তার প্রথম গ্রন্থটির নাম ____।

(গৌড়ীয় ব্যাকরণ/বাংলা ভাষা পরিচয়/ভোকাবুলারিও এম ইন্দিওমা বেনগল্লা)

খ) পানিনি থেকে বিদ্যাসাগর পর্যন্ত সংস্কৃত ব্যাকরণের ধারাটি ____ বছরের। (আড়াইশো/আড়াই হাজার)

গ) ‘চলন্তিকা’ অভিধানটির লেখক ____।

(ডক্টর মুহম্মদ শহিদুল্লাহ/রাজশেখর বসু)

ঘ) বাংলা ব্যাকরণ মূলত ____ ব্যাকরণের কাঠামোতে রচিত।

(ইংরেজি/সংস্কৃত/বাংলা)

ঙ) ODBL গ্রন্থটির রচয়িতা ____।

(জগন্নাথ চক্রবর্তী/সুনীতিকুমার চট্টোপাধ্যায়/রবীন্দ্রনাথ ঠাকুর)

অপর পৃষ্ঠায় দেখুন

২। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) ব্যাকরণের কাজ কি ভাষা শেখানো না অন্য কিছু?

খ) হরপ্রসাদ শাস্ত্রী বাংলা ব্যাকরণকে দুইটি প্যাটেন্ট হিসেবে চিহ্নিত করেছেন- সেগুলি কী কী?

গ) বর্ণনাত্মক ব্যাকরণ বলতে কী বোঝায়?

ঘ) বাংলা ভাষার ব্যাকরণ যে পুরোপুরি / সম্পূর্ণ বাংলা ব্যাকরণ হয়ে ওঠেনি- এই অভিমত কারা দিয়েছেন। এবং কেন?

৩। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও তিনটি) : - ১ x ৩ = ৩

ক) বাংলা গদ্যরীতির প্রকাশ কত শতকে? (ঊনবিংশ/অষ্টাদশ)

খ) 'বরাক উপত্যকার কথ্য বাংলার অভিধান' গ্রন্থটি কে রচনা করেন? (জগন্নাথ চক্রবর্তী/আবিদ রাজা মজুমদার)

গ) পূর্ব পাকিস্তান অর্থাৎ বর্তমান বাংলা দেশের বাংলা ভাষা আন্দোলনের সময়কাল কত? (১৯৬১/১৯৫২)

ঘ) পর্তুগিজ পাত্রি মনোএল দ্য আসসুম্পসাউ রচিত বাংলা ভাষাচিন্তার বইটি কোন হরফে রচিত হয়েছিল? (পর্তুগিজ/রোমান)

৪। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) ধ্বনির সঙ্গে বর্ণের পার্থক্য কী?

খ) 'অ্যা' বর্ণ না ধ্বনি? উদাহরণ দিয়ে লিখুন।

গ) ব্যঞ্জন বর্ণের তিনটি— 'স' এর উচ্চারণ স্থানগুলি নির্দেশ করুন।

ঘ) ব্যঞ্জনবর্ণের মধ্যে অনুনাসিক বর্ণ কোনগুলি এবং কেন?

৫। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ২ ১/২ x ২ = ৫

ক) 'কলম' শব্দটি উচ্চারণে কী কী স্বরধ্বনি নিহিত আছে? শব্দটি বিশ্লেষণ করে দেখান।

খ) বাংলা ধ্বনি পরিবর্তনের ধারায় ‘অপিনিহিতি’ বলতে কী বোঝায়? উদাহরণ সহ লিখুন।

গ) ব্যঞ্জনবর্ণের মধ্যে উষ্মবর্ণ কোনগুলি? এদের কেন উষ্মবর্ণ বলা হয়?

ঘ) আমাদের কথা বলা কর্মটি কীভাবে সংগঠিত হয়?

৬। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) সন্ধি বিচ্ছেদ করুন: নরেন্দ্র *অথবা* মহৌষধি।

খ) সন্ধি করুন: আবিঃ + কার অথবা পুরাঃ + কৃত।

গ) প, ফ, ব, ভ, ম-এরা কী বর্ণ?

ঘ) ট বর্ণের উচ্চারণে জিব মুখগহ্বরের কোথায় স্পর্শ করে?

ঙ) বাংলা স্বরধ্বনি কয়টি?

চ) ‘ঋ’ কারের পর কোন ‘স’ হয়? উদাহরণ সহ লিখুন।

৭। যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : - ৫ x ১ = ৫

ক) খাঁটি বাংলা সন্ধিতে ধ্বনির পরিবর্তন কি বানানে প্রতিফলিত হয়? উদাহরণের সাহায্যে বুঝিয়ে লিখুন।

খ) ণ-ত্ব বিধান বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে একটি নিয়ম বুঝিয়ে লিখুন।

গ) অ-তৎসম শব্দে কি ণ-ত্ব, যত্ব বিধি প্রযোজ্য? উদাহরণ লিখুন।

৮। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৩ = ৩

ক) সাধিত শব্দ বলতে কী বোঝায়? উদাহরণ সহ লিখুন।

খ) জীবন্ত ভাষার চরিত্র লক্ষণগুলি কী কী?

গ) শব্দ কীভাবে পদে পরিণত হয়? উদাহরণ সহ লিখুন।

ঘ) ব্যাকরণে ‘প্রতিপদ' শব্দের অর্থ কী?

ঙ) ‘অর্ধ তৎসম’ শব্দ কাকে বলে? উদাহরণ সহ লিখুন।

৯। নির্দেশ অনুযায়ী উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বহু পদকে এক পদে পরিণত করুন: জানিবার ইচ্ছা।

খ) বিশেষ্য থেকে বিশেষণে পরিবর্তন করুন: ভাষা, সাহিত্য।

গ) ভিন্নার্থক শব্দ লিখুন: অনু, অণু।

ঘ) বিপরীতার্থক শব্দ লিখুন: অনুজ, আস্তিক।

ঙ) 'বাম' শব্দটির দুটি অর্থ লিখুন।

চ) 'অগ্নি' শব্দটির দুটি সমার্থক শব্দ লিখুন।

ছ) 'বুরঞ্জি' শব্দের বাংলা অর্থ কী?

১০। নির্দেশ অনুযায়ী অর্থ লিখুন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) অর্থ সহ বাক্য রচনা করুন: পাকা কথা।

খ) দেশি শব্দ কাকে বলে? উদাহরণ দিন।

গ) বাংলা 'দাম' শব্দটির উৎস মূল এবং দেশটির নাম কী?

ঘ) সর্বনাম পদ বলতে কী বোঝায়/কাকে বলে? উদাহরণ সহ লিখুন।

ঙ) সমাস নির্ণয় করুন : - ভালমন্দ, রাজপুত্র।

১১। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) 'কোথা হইতে তুমি আসিয়াছ নদী?' (চলিত ভাষায়)

খ) 'বৃষ্টি হলে আমি আসব না।' (জটিল বাক্যে)

গ) 'মহাশয় কী কাজ করেন?' (ভাব বাচ্যে)

ঘ) 'প্রশ্নটা বুঝতে পারলাম না।' (কর্ম বাচ্যে)

ঙ) 'আপ্ত বাক্য' কাকে বলে?

চ) বাংলা বাগবিধিটির অর্থ লিখে বাক্যরচনা করুন :- সবে ধন নীলমণি।

ছ) একটি সিলেটি বাগবিধির উদাহরণ লিখুন।

 অপর পৃষ্ঠায় দেখুন

১২। একটি প্রশ্নের উত্তর করুন : - ৩ x ১ = ৩

ক) চলিত ভাষার চরিত্রলক্ষণ কী কী?

খ) সাহিত্যে চলিত ভাষার প্রচলনে প্রমথ চৌধুরীর অবদান কী?

গ) সাধুভাষারীতিটি কা'দের প্রচ্ছায়ায় গড়ে উঠেছিল?

ঘ) গ্রন্থগুলি কোন ভাষায় লেখা 'হুতোম পেঁচার নকশা', 'জীবনস্মৃতি', 'য়ুরোপ প্রবাসীর পত্র'। (সাধুভাষা/ চলিতভাষা)

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও চারটি): - ১ x ৪ = ৪

ক) 'বাঙালির লেখায় আর পড়ায় ঠিক নেই' বানান প্রসঙ্গে কোন ভাষাবিদ এইকথা বলেছেন?

খ) 'বানান অভিধান' বলতে কী বোঝায়?

গ) 'বঙ্গীয় সাহিত্য পরিষৎ' কত সালে প্রতিষ্ঠিত হয়েছে?

ঘ) কম্পিউটার প্রযুক্তি বাংলা লিখন জগতের কাছে কী দাবি করছে?

ঙ) এতদিন পাখি, হাতি, বাড়ি, গাড়ি বানানগুলো দীর্ঘ-ই কার দিয়ে লেখা হত। কোন যুক্তিতে এতে হ্রস্ব-ই দেওয়া হয়?

চ) মৃত ভাষার স্থান কোথায়?

১৪। দুইটি প্রশ্নের সংক্ষেপে উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) "বাংলা বানানের কোনও নিয়ম নেই" কথাটি কি সঠিক?

খ) ভট্টাচার্য ও কার্তিক বানান সম্বন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের নিজস্ব মতামত কী ছিল?

গ) বানান কি অপরিবর্তনীয় কিছু, না পরিবর্তন সাপেক্ষ?

১৫। ক) শুদ্ধ/প্রমিত বানানটি লিখুন : - ২

দুর্গাপূজা, সর্বজনীন, গীতাঞ্জলী, মধুসুদন



অপর পৃষ্ঠায় দেখুন

খ) সঠিক বিরতি চিহ্ন প্রয়োগ করুন : - ২

সে বলল কার এতো দুঃসাহস।

*অথবা*

তিনি বললেন আমার দ্বারা ও কাজ হবে না।

১৬। দুইটি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) উপভাষা বলতে কী বোঝায়?

খ) উপভাষা মূলস্রোত ভাষাকে কীভাবে সচল রাখতে সাহায্য করে?

গ) বাংলা ভাষার কয়েকটি উপভাষার নাম লিখুন।

ঘ) মান্য চলিত ভাষা বলতে কী বোঝায়?

১৭। যে কোন দুইটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) জর্জ গিয়ার্সনের মতে বাংলার কটি উপভাষা আছে?

খ) সিলেটি উপভাষাটি ভারত-বাংলাদেশের কোন অঞ্চলে প্রচলিত?

গ) সিলেটি ভাষার একটি প্রবাদ বাক্য লিখুন।

ঘ) মান্যচলিত ভাষাকে কি শিষ্ট ভাষা বলা সঙ্গত?

ঙ) সৃজনশীল সাহিত্যকর্মে উপভাষা ব্যবহার করা কি সঙ্গত?

- শেষ পৃষ্ঠা -